



জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৫০ বছর পূর্তি ও এ্যালামনাই মিলনমেলা অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৩ ডিসেম্বর ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এ্যালামনাই এসোসিয়েশনের আয়োজনে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৫০ বছর পূর্তি ও এ্যালামনাই মিলনমেলা আজ অনুষ্ঠিত হয়েছে। সকাল সাড়ে নয়টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার চত্বরে জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয়ের পতাকা এবং এ্যালামনাই এসোসিয়েশনের পতাকা উত্তোলনের মাধ্যমে দিনব্যাপী মিলনমেলার উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের পর প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলমের নেতৃত্বে আনন্দ শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রায় অন্যান্যের মধ্যে উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক, এ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. শরীফ এনামুল কবির, সাধারণ সম্পাদক আবু বকর সিদ্দিক, মিলনমেলায় আগত প্রাক্তন শিক্ষার্থী এবং তাঁদের পরিবার-পরিজন অংশগ্রহণ করেন। শোভাযাত্রা সেলিম আল দীন মুক্তমঞ্চে গিয়ে শেষ হয় এবং সেখানে আলোচনা সভায় প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম তাঁর ভাষণে মিলনমেলায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানান। তিনি বলেন, এ্যালামনাই মিলনমেলায় নবীন-প্রবীণের পরিচিতি ও সংযোগ বৃদ্ধি পায় এবং পারস্পরিক সম্পর্কের ক্ষেত্রে ভিন্ন মাত্রা যুক্ত হয়। বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীদের মিলনমেলা উপভোগ্য হয়েছে বলে মন্তব্য করেন। সভাপতির ভাষণে অধ্যাপক ড. শরীফ এনামুল কবির বলেন, শিল্প-সাহিত্য ও বিজ্ঞান গবেষণায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা দেশ-বিদেশে সুনাম অর্জন করে বিশ্ববিদ্যালয়ের গৌরব বৃদ্ধি করেছেন। সাধারণ সম্পাদক আবু বকর সিদ্দিকের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রাক্তন শিক্ষার্থীরা তাদের অনুভূতি ব্যক্ত করেন। মিলনমেলায় চতুর্থ এবং পঞ্চম ব্যাচের প্রাক্তন শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান, স্মৃতিচারণ, গুণীজন সংবর্ধনা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)

